
জুলাই-ডিসেম্বর, ২০১৪-১৫ সময়কালে কৃষিভিত্তিক শিল্প ঋণের সার্বিক অবস্থার পর্যালোচনামূলক প্রতিবেদন

কৃষিভিত্তিক শিল্পে ঋণপ্রবাহ যথাযথভাবে তদারকি করার লক্ষ্যে দেশের সকল ব্যাংক থেকে কৃষিভিত্তিক শিল্পে ঋণ বিতরণ ও আদায় সম্পর্কিত তথ্য/বিবরণী সংগ্রহ করা হয়ে থাকে। সে মোতাবেক সংশ্লিষ্ট ব্যাংকসমূহ কর্তৃক ২০১৪-১৫ অর্থবছরের অক্টোবর-ডিসেম্বর সময় শেষে দাখিলকৃত বিবরণীর ভিত্তিতে আলোচ্য প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। ২০১৪-১৫ অর্থবছরের জুলাই-ডিসেম্বর সময় শেষে সংশ্লিষ্ট ব্যাংকসমূহের কৃষিভিত্তিক শিল্পে ব্যাংকওয়ারী ঋণ বিতরণ, বকেয়া স্থিতি ও শ্রেণিকৃত স্থিতির অবস্থা নিম্নরূপ:

১. ঋণ বিতরণ


জুলাই-ডিসেম্বর, ২০১৪-১৫ মেয়াদে কৃষিভিত্তিক শিল্পে ঋণ বিতরণের মোট পরিমাণ ছিল ১৩,০১২.৯৬ কোটি টাকা, এর মধ্যে চলতি মূলধন ঋণ ও মেয়াদি ঋণ বিতরণের পরিমাণ ছিল যথাক্রমে ১০,৩৯০.০৫ কোটি টাকা এবং ২,৬২২.৯১ কোটি টাকা (চিত্র ১ দ্রষ্টব্য)। ২০১৩-১৪ অর্থবছরের জুলাই-ডিসেম্বর সময়ে কৃষিভিত্তিক শিল্পে মোট বিতরণকৃত ঋণের পরিমাণ ছিল ১৪,৪১১.৪৪ কোটি টাকা যার মধ্যে চলতি মূলধন ঋণের পরিমাণ ১২,৫৩৭.৮৮ কোটি টাকা এবং মেয়াদি ঋণের পরিমাণ ১,৮৭৩.৫৬ কোটি টাকা। জুলাই-ডিসেম্বর, ২০১৪- ১৫ সময়ে কৃষিভিত্তিক শিল্প খাতে বিগত জুলাই-ডিসেম্বর, ২০১৩-১৪ সময়ের তুলনায় চলতি মূলধন ঋণ ও মোট ঋণ বিতরণ যথাক্রমে ১৭.১৩% ও ৯.৭০% হ্রাস পেলেও মেয়াদি ঋণ বিতরণ ৪০.০০% বৃদ্ধি পেয়েছে।

চিত্র ১: বিতরণকৃত ঋণের তুলনামূলক চিত্র



	চলতি মূলধন ঋণ	মেয়াদি ঋণ	মোট
জুলাই-ডিসেম্বর, ২০১৩-১৪	১২,৫৩৭.৮৮	১,৮৭৩.৫৬	১৪,৪১১.৪৪
জুলাই-ডিসেম্বর, ২০১৪-১৫	১০,৩৯০.০৫	২,৬২২.৯১	১৩,০১২.৯৬

চিত্র ২: ব্যাংকের ধরণভেদে বিতরণকৃত ঋণ, জুলাই-ডিসেম্বর, ২০১৪-১৫




আলোচ্য সময়ে কৃষিভিত্তিক শিল্পে বিতরণকৃত মোট ১৩,০১২.৯৬ কোটি টাকার মধ্যে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ৬৫৫.৭১ কোটি টাকা, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহ ৮,১৪৭.২৮ কোটি টাকা, বিদেশি ব্যাংকসমূহ ৩,৯৭০.৭০ কোটি টাকা এবং বিশেষায়িত ব্যাংকসমূহ ২৩৯.২৭ কোটি টাকা বিতরণ করেছে। মোট ঋণ বিতরণের মধ্যে ব্যাংকের ধরণ হিসেবে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ৫.০৪%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহ ৬২.৬১%, বিদেশি ব্যাংকসমূহ ৩০.৫১%, এবং বিশেষায়িত ব্যাংকসমূহ ১.৮৪% বিতরণ করেছে। (চিত্র-২ দ্রষ্টব্য)

২. ঋণ আদায়


জুলাই-ডিসেম্বর, ২০১৪-১৫ মেয়াদে কৃষিভিত্তিক শিল্প খাতে বিতরণকৃত ঋণের বিপরীতে ১৩,৬২২.৬১ কোটি টাকা আদায় হয়েছে। জুলাই-ডিসেম্বর, ২০১৩-১৪ সময়ে কৃষিভিত্তিক শিল্প খাতে আদায়কৃত ঋণের পরিমাণ ছিল ১০,৯৯১.১১ কোটি টাকা যার তুলনায় ২০১৪-১৫ অর্থবছরের একই সময়ে কৃষিভিত্তিক শিল্প ঋণ আদায় ২৩.৯৪% বৃদ্ধি পেয়েছে। (চিত্র ৩ দ্রষ্টব্য)

চিত্র ৩: আদায়কৃত ঋণের তুলনামূলক চিত্র



ব্যাংকের ধরণ ভেদে জুলাই-ডিসেম্বর, ২০১৪-১৫ সময়ে কৃষিভিত্তিক শিল্প ঋণের মোট আদায়কৃত ১৩,৬২২.৬১ কোটি টাকার মধ্যে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ৪,৬১৫.৬৩ কোটি টাকা, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহ ৫,৯৫৯.৭২ কোটি টাকা, বিদেশি ব্যাংকসমূহ ২,৭৯২.১৩ কোটি টাকা এবং বিশেষায়িত ব্যাংকসমূহ ২৫৫.১৩ কোটি টাকা আদায় করেছে। চিত্র ৪ এ ব্যাংকের ধরণ ভেদে কৃষিভিত্তিক শিল্প খাতে ঋণ আদায় পরিস্থিতি তুলে ধরা হয়েছে। চিত্র ৪ মোতাবেক ২০১৪-১৫ অর্থবছরের জুলাই-ডিসেম্বর ত্রৈমাসিকে আদায়কৃত ১৩,৬২২.৬১ কোটি টাকার মধ্যে ৩৩.৮৮% রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, ৪৩.৭৫% বেসরকারি বাণিজ্যিক ব্যাংক, ২০.৫০% বিদেশি ব্যাংক এবং অবশিষ্ট ১.৮৭% বিশেষায়িত ব্যাংকসমূহ কর্তৃক আদায়কৃত।


চিত্র ৪: ব্যাংকের ধরণ ভেদে আদায় পরিস্থিতি, জুলাই-ডিসেম্বর, ২০১৪-১৫



৩. বকেয়া ঋণস্থিতি

জুলাই-ডিসেম্বর, ২০১৪-১৫ মেয়াদ শেষে কৃষিভিত্তিক শিল্প খাতে মোট ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ২৯,২৩৯.৪৯ কোটি টাকা। তন্মধ্যে, চলতি মূলধন ঋণ খাতে বকেয়া স্থিতি ১৯,৯৪০.৯৯ কোটি টাকা এবং মেয়াদি ঋণে বকেয়া ঋণস্থিতির পরিমাণ ৯,২৯৮.৫০ কোটি টাকা। জুলাই-ডিসেম্বর, ২০১৩-১৪ সময় শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ২৪,২৮৫.৩৯ কোটি টাকা যার মধ্যে চলতি মূলধন ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ১৬,৫৮২.৮৯ কোটি টাকা এবং মেয়াদি ঋণে বকেয়া স্থিতির পরিমাণ ৭,৭০২.৫০ কোটি টাকা। আলোচ্য ২০১৪-১৫ অর্থবছরের জুলাই-ডিসেম্বর সময়ে কৃষিভিত্তিক শিল্পে বিগত ২০১৩-১৪ অর্থবছরের তুলনায় চলতি মূলধন ঋণ, মেয়াদি ঋণ এবং মোট ঋণের বকেয়া স্থিতির পরিমাণ যথাক্রমে ২০.২৫%, ২০.৭২% এবং ২০.৪০% বৃদ্ধি পেয়েছে। (চিত্র ৫ দ্রষ্টব্য)


চিত্র ৫ বকেয়া ঋণস্থিতির তুলনামূলক চিত্র



	চলতি মূলধন ঋণ	মেয়াদি ঋণ	মোট
জুলাই-ডিসেম্বর, ২০১৩-১৪	১৬,৫৮২.৮৯	৭,৭০২.৫০	২৪,২৮৫.৩৯
জুলাই-ডিসেম্বর, ২০১৪-১৫	১৯,৯৪০.৯৯	৯,২৯৮.৫০	২৯,২৩৯.৪৯

জুলাই-ডিসেম্বর, ২০১৪-১৫ সময়ে কৃষিভিত্তিক শিল্প ঋণের মোট বকেয়া স্থিতির ২৯,২৩৯.৪৯ কোটি টাকার মধ্যে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ৭,১৩৬.৪৭ কোটি টাকা, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের ১৬,৯৬৫.১০ কোটি টাকা, বিদেশি ব্যাংকসমূহের ২,৭২২.৮৫ কোটি টাকা এবং বিশেষায়িত ব্যাংকসমূহের ২,৪১৫.০৭ কোটি টাকা। আলোচ্য সময়ে কৃষিভিত্তিক শিল্প ঋণের বকেয়া স্থিতি মোট ২৯,২৩৯.৪৯ কোটি টাকার মধ্যে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বেসরকারি বাণিজ্যিক ব্যাংক, বিদেশি ব্যাংক ও বিশেষায়িত ব্যাংকসমূহের অংশীদারিত্ব যথাক্রমে ২৪.৪১%, ৫৮.০২%, ৯.৩১% এবং ৮.২৬%। (চিত্র-৬ দ্রষ্টব্য)


চিত্র ৬: ব্যাংকের ধরণভেদে বকেয়া ঋণ স্থিতি, জুলাই-ডিসেম্বর, ২০১৪-১৫



৪. শ্রেণিকৃত ঋণস্থিতি


জুলাই-ডিসেম্বর, ২০১৪-১৫ সময় শেষে কৃষিভিত্তিক শিল্প খাতে মোট শ্রেণিকৃত ঋণের স্থিতির পরিমাণ ২,২৪৫.৫৪ কোটি টাকা। জুলাই-ডিসেম্বর, ২০১৩-১৪ সময় শেষে কৃষিভিত্তিক শিল্প খাতে মোট শ্রেণিকৃত ঋণস্থিতির পরিমাণ ছিল ১,৩৪০.০০ কোটি টাকা যা ২০১৪-১৫ অর্থবছরের একই সময় শেষে ৬৭.৫৮% বৃদ্ধি পেয়েছে। জুলাই-ডিসেম্বর, ২০১৪-১৫ সময় শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণের বকেয়া স্থিতির উপর শ্রেণিকৃত ঋণের হার ৭.৬৮% যা বিগত ২০১৩-১৪ অর্থবছরের জুলাই-ডিসেম্বর সময় শেষে ছিল ৫.৫২%। জুলাই-ডিসেম্বর, ২০১৩-১৪ সময়ের তুলনায় জুলাই-ডিসেম্বর, ২০১৪-১৫ সময় শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণে শ্রেণিকৃত ঋণের হার ২.১৬ Percentage Point বৃদ্ধি পেয়েছে। (চিত্র-৭ দ্রষ্টব্য)

চিত্র ৭: শ্রেণিকৃত ঋণের তুলনামূলক চিত্র



জুলাই-ডিসেম্বর, ২০১৪-১৫ সময়ে শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণের শ্রেণিকৃত স্থিতি মোট ২,২৪৫.৫৪ কোটি টাকার মধ্যে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ৭১৯.৫৬ কোটি টাকা, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের ৭৬৪.৪৮ কোটি টাকা, বিদেশি ব্যাংকসমূহের ২৫.৬৩ কোটি টাকা এবং বিশেষায়িত ব্যাংকসমূহের ৭৩৫.৮৭ কোটি টাকা। ২০১৪-১৫ অর্থবছরের জুলাই-ডিসেম্বর সময় শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণের মোট শ্রেণিকৃত স্থিতি ২,২৪৫.৫৪ কোটি টাকার মধ্যে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ৩২.০৪%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের ৩৪.০৪%, বিদেশি ব্যাংকসমূহের ১.১৪% এবং বিশেষায়িত ব্যাংকসমূহের ৩২.৭৭%। (চিত্র ৮ দ্রষ্টব্য)

চিত্র ৮: ব্যাংকের ধরণভেদে শ্রেণিকৃত ঋণস্থিতি, জুলাই-ডিসেম্বর, ২০১৪-১৫



ছক-১ এ ব্যাংকের ধরণ অনুযায়ী ২০১৩-২০১৪ অর্থবছর শেষে বকেয়া ঋণস্থিতির বিপরীতে শ্রেণিকৃত ঋণের অবস্থা তুলে ধরা হয়েছে। উক্ত ছকে দেখা যায়, রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক ও বিশেষায়িত ব্যাংকসমূহের শ্রেণিকৃত ঋণের হার যথাক্রমে ১০.০৮% এবং ৩০.৪৭% যা অন্যান্য ব্যাংকসমূহের তুলনায় অত্যন্ত বেশি।

ছক ১: ঋণ স্থিতির বিপরীতে শ্রেণিকৃত ঋণের অবস্থা


(কোটি টাকায়)

ব্যাকের ধরণ	বকেয়া ঋণ স্থিতি	শ্রেণিকৃত ঋণস্থিতি	শতকরা হার
রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক	৭,১৩৬.৪৭	৭১৯.৫৬	১০.০৮%
বেসরকারি বাণিজ্যিক ব্যাংক	১৬,৯৬৫.১০	৭৬৪.৪৮	৪.৫১%
বিদেশি ব্যাংক	২,৭২২.৮৫	২৫.৬৩	০.৯৪%
বিশেষায়িত ব্যাংক	২,৪১৫.০৭	৭৩৫.৮৭	৩০.৪৭%
মোট	**২৯,২৩৯.৪৯**	**২,২৪৫.৫৪**	**৭.৬৮%**

৫. সার্বিক অবস্থা

কৃষিভিত্তিক শিল্পঋণের বর্ণিত তথ্য হতে ২০১৩-১৪ অর্থবছরের জুলাই-ডিসেম্বর সময়ের সঙ্গে তুলনা করলে দেখা যায় বর্তমান অর্থবছরের জুলাই-ডিসেম্বর সময়ে ঋণ বিতরণ ৯.৭০% হ্রাস পেলেও ঋণ আদায় ও বকেয়া স্থিতির পরিমাণ যথাক্রমে ২৩.৯৪% ও ২০.৪০% বৃদ্ধি পেয়েছে। এছাড়াও, শ্রেণিকৃত স্থিতির পরিমাণ বিগত বছরের তুলনায় ৬৭.৫৮% বৃদ্ধি পেয়েছে। ২০১৩-১৪ অর্থবছরের জুলাই-ডিসেম্বর সময়ের তুলনায় ২০১৪-১৫ অর্থবছরের জুলাই-ডিসেম্বর শেষে কৃষিভিত্তিক শিল্প খাতে শ্রেণিকৃত ঋণের হার ২.১৬ Percentage Point বৃদ্ধি পেয়েছে। (চিত্র ৯ দ্রষ্টব্য)

চিত্র ৯: ২০১৩-১৪ এবং ২০১৪-১৫ অর্থবছরে কৃষিভিত্তিক শিল্পঋণের তুলনামূলক চিত্র



	ঋণ বিতরণ	ঋণ আদায়	বকেয়া স্থিতি	শ্রেণিকৃত স্থিতি
জুলাই-ডিসেম্বর, ২০১৩-১৪	১৪,৪১১.৪৪	১০,৯৯১.১১	২৪,২৮৫.৩৯	১,৩৪০.০০
জুলাই-ডিসেম্বর, ২০১৪-১৫	১৩,০১২.৯৬	১৩,৬২২.৬১	২৯,২৩৯.৪৯	২,২৪৫.৫৪

জুলাই-ডিসেম্বর, ২০১৪-১৫ সময়ে সকল ব্যাংক কর্তৃক কৃষিভিত্তিক শিল্প খাতে শ্রেণিকৃত ঋণের পর্যালোচনায় দেখা যায় সকল ব্যাংকসমূহের বকেয়া স্থিতির বিপরীতে শ্রেণিকৃত ঋণের গড় হার ৭.৬৮%। ব্যাংকের ধরণের ভিত্তিতে কৃষিভিত্তিক শিল্প ঋণের শ্রেণিকরণের এ গড় হার: রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ১০.০৮%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের ৪.৫১%, বিদেশি ব্যাংকসমূহের ০.৯৪% এবং বিশেষায়িত ব্যাংকসমূহের ৩০.৪৭%।

চিত্র ১০ এ সর্বশেষ ৪ অর্থবছরের কৃষিভিত্তিক শিল্প ঋণের ক্রমবিকাশের ধারা বিধৃত হয়েছে। বর্ণিত চিত্র হতে দেখা যায় কৃষিভিত্তিক শিল্প ঋণের বকেয়া স্থিতির প্রবৃদ্ধি অত্যন্ত সন্তোষজনক। এছাড়াও, শ্রেণিকৃত ঋণের পরিমাণ বিগত অর্থবছরগুলোর তুলনায় ইতিবাচক পর্যায়ে রয়েছে। তবে, কৃষিভিত্তিক শিল্প ঋণের সিংহভাগই চলতি মূলধন ঋণ হিসেবে বিতরণকৃত। ২০১১-১২, ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থবছর শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণের মেয়াদি ঋণ অংশ এ খাতে বকেয়া ঋণস্থিতির ২৯.৯১%, ৩২.৮১% ও ৩০.৭৩% যা কাম্য স্তরের তুলনায় অত্যন্ত কম। বর্তমান অর্থবছরের ২য় ত্রৈমাসিকের পরিসংখ্যান অনুযায়ী কৃষিভিত্তিক শিল্প খাতে মোট বকেয়া ঋণস্থিতির পরিমাণ ২৯,২৩৯.৪৯ কোটি টাকা। তন্মধ্যে, মেয়াদি ঋণ স্থিতির পরিমাণ ৯,২৯৮.৫০ কোটি টাকা যা বকেয়া ঋণস্থিতির মাত্র ৩১.৮০%। ফলে, কৃষিভিত্তিক শিল্পের মূলধন গঠনের প্রবৃদ্ধি আশানুরূপ হচ্ছে না।

চিত্র ১০: কৃষিভিত্তিক শিল্প ঋণের ক্রমবিকাশের ধারা

